

স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীতে কাপাসিয়ায় মাদ্রাসা শিক্ষক সমাবেশ

কাপাসিয়া (গাজীপুর) উপজেলা সংবাদদাতা

বাংলাদেশ জমিয়্যতুল মোদারেরছীন কাপাসিয়া উপজেলা শাখার উদ্যোগে গত বৃহস্পতিবার বিকালে উপজেলা মসজিদ কমপ্লেক্সে মাদ্রাসা শিক্ষকদের এক সমাবেশ অনুষ্ঠিত হয়। জমিয়্যতুল মোদারেরছীনের কাপাসিয়া উপজেলা শাখার সভাপতি ও কেন্দ্রীয় কমিটির যুগ্ম মহাসচিব অধ্যক্ষ মাও: আব্দুর রহমান বেলালীর সভাপতিত্বে ও সেক্রেটারী অধ্যক্ষ মাওলানা মো: নূরুজ্জামানের পরিচালনায় অনুষ্ঠিত সভার অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জমিয়্যতুল মোদারেরছীনের কেন্দ্রীয় ওয়ার্ডিং কমিটির সদস্য অধ্যক্ষ মাওলানা আব্দুর রশিদ, অধ্যক্ষ মাওলানা মজিবুর রহমান, অধ্যক্ষ মাও: মো: মোবারক হোসেন, অধ্যক্ষ মাও: মো: ডাক্তার ইনাম, সাবেক অধ্যক্ষ আলহাজ্ব মাও: মো: আব্দুল আউয়াল মাদ্রাসার সুপার মাও: মো: মফিজউদ্দীন, প্রত্যক্ষক মাও: মো: আমানউল্লাহ সরকার, অধ্যক্ষ মাও: মো: নেয়ামত হোসাইন। অধ্যক্ষ মাও: মো: শাহ আব্দুল প্রবুর। মাদ্রাসা শিক্ষক সমাবেশে জমিয়্যতুল মোদারেরছীনের নেতৃবৃন্দ বলেন, জমিয়্যতুল মোদারেরছীন মাদ্রাসা শিক্ষকদের একক ও প্রতিযুগ্মীয় অস্বাভাবিক পেশাজীবী সংগঠন। দীর্ঘ প্রায় ৮০ বছর

খরে এ সংগঠনটি মাদ্রাসা শিক্ষার উন্নয়ন ও শিক্ষক সমাজের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে জোরালো তুমিকা পালন করে আসছে। জমিয়্যতুল মোদারেরছীনের সভাপতি, দৈনিক ইনকিলাব পত্রিকার প্রতিষ্ঠাতা মাওলানা এমএ মনসুরের গতিশীল নেতৃত্বে মাদ্রাসা শিক্ষকরা আজও ঐক্যবদ্ধ। জমিয়্যতুল মোদারেরছীন ও মাওলানা মান্নান এক ও অভিন্ন। মাওলানা মান্নান একটি সংগঠিত ইতিহাসের নাম। তাঁর অবদান কাপাসিয়া তথা বাংলাদেশের মাদ্রাসা শিক্ষকগণ কখনো ভুলবে না। সমাবেশে শিক্ষক নেতৃবৃন্দ অধিকার স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণার মাধ্যমে এর অধীনে ফাজিল ও কামিলকে ডিগ্রী ও মাস্টার্সের মান দেয়ার জোরালো দাবী করেন। তারা বলেন, স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের এমপিওভুক্তির মাধ্যমে স্নাতক বেতনভাতা প্রদানের ব্যবস্থা করতে হবে এবং দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা প্রধান ও শিক্ষকদের বেতন বৈধতা দূর করতে হবে। বিশেষ কিছু মাদ্রাসাকে চিহ্নিত করে ফাজিল ও কামিলকে ডিগ্রী ও মাস্টার্সের মান দেয়ার চরম প্রস্তাব করা হবে। সমাবেশ শেষে মাওলানা এমএ মনসুরের হ্যাগাতে তৈরী কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।